364

দৈনিক ইত্তেফাক

তারিখ MAR. 1 1 1999
পৃষ্ঠা ৪ কলাম ৪

## শিক্ষামন্ত্রী সমীপে

শিক্ষার কোন বিকল্প নাই। আর শিক্ষার উন্নতির সহিত শিক্ষকদের আর্থিক বিষয়টিও ওতপ্রোতভাবে জড়িত। আর্থিক সুযোগ-সুবিধার উপর কর্ম উদ্দীপনা অনেকাংশে নির্ভরশীল। এইসব কথা বলিবার উদ্দেশ্য হইতেছে, সরকারী ও বেসরকারী উচ্চ বিদ্যালয়ে কর্মরত সমযোগ্যতাসম্পন্ন শিক্ষকদের বেতন স্কেল সামঞ্জস্যপূর্ণ নয়। যেমনঃ মাস্টার্স ডিগ্রিধারী সহকারী শিক্ষকদের বেতন স্কেল সরকারী উচ্চ বিদ্যালয়ে ৩৪০০ টাকা আর বেসরকারী উচ্চ বিদ্যালয়ে ২৫৫০ টাকা। এমনকি কামিল (উচ্চ মাধ্যমিকের সমমান) ডিগ্রিধারী শিক্ষকেরও বেতন স্কেল ৩৪০০ টাকা। তাহার উপর, সরকারী উচ্চ বিদ্যালয়ের শিক্ষকদের বাৎসরিক দুইটি উৎসব ভাতা প্রদান করা হইলেও বেসরকারী উচ্চ বিদ্যালয়ে সে সবের কোন বালাই নাই। এমতাবস্থায়, বেসরকারী উচ্চ বিদ্যালয়ের শিক্ষকদের কর্মস্পৃহা বাড়াইতে উল্লেখিত বেতন স্কেলের বৈষম্য দূর করিবার বিষয়টির প্রতি মাননীয় শিক্ষামন্ত্রীর নিকট আকুল আবেদন জানাইতেছি।

মোঃ মোসলেম মোল্লা,
সহকারী শিক্ষক,
মহাকবি কায়কোবাদ উচ্চ বালিকা বিদ্যালয়,
ডাক ঃ আগলা, নবাবগঞ্জ, ঢাকা।